আসিফ-মাহফুজের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ থাকলেও দুদক নিরব: নাদিম



সংগৃহীত ছবি

সরকারের সাবেক উপদেষ্টা আসিফ মাহমুদ ও মাহফুজ আলমের বিরুদ্ধে গুরুতর দুর্নীতির অভিযোগ থাকা সত্ত্বেও, তদন্ত সংস্থা কোনো কার্যকর ব্যবস্থা নেয়নি বলে অভিযোগ করেছে যুব অধিকার পরিষদ।

বৃহস্পতিবার (১১ ডিসেম্বর) সকালে রাজধানীর বিজয়নগরে সংবাদ সম্মেলনে সংগঠনের সাধারণ সম্পাদক নাদিম মাহমুদ বলেন, দুই উপদেষ্টার পিএস ও এপিএস পদে অবস্থানের সময় দুর্নীতি করেছেন। তিনি উল্লেখ করেন, "দুর্নীতির দায় এড়িয়ে যাওয়া সম্ভব নয়, কিন্তু দুদকের অনুসন্ধান এখন অন্ধকারে পড়ে আছে।"

নাদিম মাহমুদ আরও বলেন, এই দুই সাবেক উপদেষ্টা যেন আসন্ন নির্বাচনে অংশগ্রহণ করতে না পারে, এজন্য নির্বাচন কমিশন কার্যকর পদক্ষেপ নিক। সংগঠনটি আগামী বৃহস্পতিবার নির্বাচন কমিশনে স্মারকলিপি জমা দেওয়ার পরিকল্পনা করছে।

LENS ASIA